

পল্লী পরিক্রম



www.brdb.gov.bd

এপ্রিল-জুন ২০২২ বর্ষ ৬ সংখ্যা ২০

ভেতরের পাতায় গুরুত্বপূর্ণ শিরোনাম....

যশোরে বিআরডিবি'র কার্যক্রম পরিদর্শন এবং এসএমই ঋণ বিতরণ করেন সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ	২
যশোরে পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায় এর কর্মশালায় মাননীয় প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়	৩
যশোরে জীবিকায়ন শিল্প পল্লীর উদ্বোধন মাননীয় প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়	৪
বাপার্ড, পোশালপঞ্জ ইরেসপো- ২য় পর্যায় এর উপকারভোগী সদস্যদের প্রশিক্ষণ শেষে সেলাই মেশিন বিতরণ	৬
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মহোদয়ের সাথে বিআরডিবি'র কর্মকর্তা-কর্মচারীদের মতবিনিময় সভা অনুষ্ঠিত	৭
জেলায় সাথে ২১-২২ অর্থবছরের এপিএ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান	৭
জন্যান্য	৮

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের ৫২তম বোর্ড অনুষ্ঠিত

০৩ এপ্রিল ২০২২ তারিখে কাওরান বাজারস্থ পল্লীভবনের সম্মেলন কক্ষে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের ৫২তম বোর্ড সভা অনুষ্ঠিত হয়। সভায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এবং বিআরডিবি'র পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম এমপি এবং উক্ত মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব স্বপন ভট্টাচার্য্য এমপি এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মাননীয় সচিব জনাব মোঃ মশিউর রহমান এনডিসি সহ বোর্ডের সকল সদস্য উপস্থিত ছিলেন।



৬% হারে গৃহ নির্মাণ ঋণ পাবে বিআরডিবি'র কর্মকর্তা-কর্মচারীগণ

ঋণের সিলিং সর্বোচ্চ-৫৫.০০ লক্ষ
সর্বনিম্ন-১০.০০ লক্ষ

০৩ এপ্রিল ২০২২ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের ৫২তম বোর্ড সভায় গৃহ নির্মাণ ঋণ নীতিমালা-২০২২ অনুমোদিত হয়। বিআরডিবি'র কর্মকর্তা/কর্মচারীদের জন্য গৃহীত গৃহ নির্মাণ ঋণ নীতিমালা-২০২২ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। ঋণের সিলিং সর্বোচ্চ ৫৫.০০ লক্ষ টাকা সর্বনিম্ন ১০.০০ লক্ষ টাকা এবং সুদের হার ৬% নির্ধারণ করা হয়। সভায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম এমপি বলেন বর্তমান সরকার সরকারী কর্মকর্তা-কর্মচারীদের ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ প্রদানের জন্য গৃহ নির্মাণ ঋণ নীতিমালা প্রণয়ন করে। সরকারি গৃহ নির্মাণ ঋণ নীতিমালার সাথে সামঞ্জস্য রেখেই বিআরডিবিতে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণ এই ঋণ সুবিধা পাবে। এসময় মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব স্বপন ভট্টাচার্য্য এমপি এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মাননীয় সচিব জনাব মোঃ মশিউর রহমান এনডিসি এবং বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের মহাপরিচালক জনাব সুপ্রিয় কুমার কুন্ডু উপস্থিত ছিলেন।



মহাপরিচালকের বার্তা

পল্লী এলাকার জনগণকে সংগঠিত ও প্রশিক্ষণের মাধ্যমে অধিক খাদ্য উৎপাদন, আধুনিক কৃষি পদ্ধতির সম্প্রসারণ, কৃষি উৎপাদন বৃদ্ধি, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ এবং পল্লী অঞ্চলের কর্মসংস্থান সৃজন করার লক্ষ্যে সরকারের গুরুত্বপূর্ণ সেবাদানকারী প্রতিষ্ঠান বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন "পল্লী পরিক্রম" এপ্রিল-জুন, ২০২২ বর্ষ ৬, সংখ্যা ২০ প্রকাশিত হ'ল। এই দায়িত্বপূর্ণ কাজটির সাথে সংশ্লিষ্ট সকলকে আমার পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন জানাই।

এস.এম. মাসুদুর রহমান
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন পল্লী পারিক্রমা

এপ্রিল-জুন ২০২২ বর্ষ ৬ সংখ্যা ২০

যশোরে বিআরডিবি'র কার্যক্রম পরিদর্শন এবং এসএমই ঋণ বিতরণ করেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব মোঃ মশিউর রহমান এনডিসি



গত ৪ এপ্রিল ২০২২ খ্রি. স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব মোঃ মশিউর রহমান এনডিসি যশোর জেলার ঝিকরগাছা উপজেলায় বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের কার্যক্রম পরিদর্শন করেন। এ সময় তিনি ইরেসপো প্রকল্পের আওতায় পল্লী উন্নয়ন মহিলা দলের সদস্যদের মধ্যে ফুল চাষ, গবাদি পশু পালন ও মাচা পদ্ধতিতে ছাগল পালন খাতে ঋণ সহায়তার চেক বিতরণ করেন। এসময় উপপরিচালক, বিআরডিবি, যশোর জনাব মোঃ কামরুজ্জামানসহ বিআরডিবি'র বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন।

মানুষকে বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে স্বাবলম্বী করে গড়ে তোলার উদ্যোগ বিআরডিবি'র

বিআরডিবি, সাভার, ঢাকায় গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর আয়বৃদ্ধি ও দক্ষতা উন্নয়নের জন্য ক্রিস্টাল দিয়ে শোপিস তৈরি এবং গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে প্রযুক্তিগত উন্নয়ন ও মোবাইল সার্ভিসিং বিষয়ক ১৫ দিন ব্যাপী প্রশিক্ষণ শেষে ১৮ এপ্রিল ২০২২ সোমবার উপজেলা পরিষদের হলরুমে প্রশিক্ষণ প্রাপ্তদের মাঝে সনদপত্র বিতরণ করেন সাভার উপজেলা নির্বাহী কর্মকর্তা জনাব মাজহারুল ইসলাম। সাভারের বিভিন্ন এলাকার চল্লিশ জন বেকার নারী ও পুরুষকে এ প্রশিক্ষণ দেওয়া হয়। এর মধ্যে বিশজন নারীকে ক্রিস্টাল দিয়ে শোপিস তৈরির প্রশিক্ষণ এবং বিশজন পুরুষকে মোবাইল সার্ভিসিং বিষয়ক প্রশিক্ষণ দেওয়া হয়। প্রশিক্ষার্থীদের দৈনিক ভাতা ছাড়াও প্রশিক্ষণ শেষে মোবাইল সার্ভিসিং উদ্যোক্তাদের দেওয়া হয় নগদ তিন হাজার এবং শোপিস উদ্যোক্তাদের দেওয়া হয় তিন হাজার ৭৫০ টাকা। যা দিয়ে তারা ব্যবসার বিভিন্ন সরঞ্জামাদি কিনতে পারবেন।





বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন পল্লী পারিক্রমা

এপ্রিল-জুন ২০২২ বর্ষ ৬ সংখ্যা ২০

বিআরডিবি'র উপকারভোগী কোভিড-১৯ ক্ষতিগ্রস্ত সদস্যদের মাঝে মাননীয় প্রধানমন্ত্রীর প্রণোদনা ঋণের চেক ও গাছের চারা বিতরণ করেন মাননীয় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক এমপি

গত ১৯ এপ্রিল ২০২২ তারিখে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের উপকারভোগী কোভিড-১৯ ক্ষতিগ্রস্ত সদস্যদের মাঝে মাননীয় প্রধানমন্ত্রীর প্রণোদনা ঋণের চেক ও গাছের চারা বিতরণ করেন মাননীয় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক এমপি। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জনাব মোঃ আঃ সাত্তার এর সার্বিক ব্যবস্থাপনায় আয়োজিত অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার, তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও সাবেক সভাপতি কালিয়াকৈর ইউসুসিএ লিঃ, মুরাদ কবির, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান, জায়েদা নাসরিন, থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা আকবর আলী খান, পৌর আওয়ামী লীগের সভাপতি ও ইউসিসিএ লিঃ এর সাবেক সভাপতি, সরকার মোশারফ হোসেন জয়, সহকারী পল্লী উন্নয়ন অফিসার, মোঃ ফয়েজ উদ্দিনসহ বিআরডিবি'র বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা কর্মচারীবৃন্দ এবং সুফলভোগীগণ উপস্থিত ছিলেন।



যশোরে পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায় এর কর্মশালা অনুষ্ঠিত



গত ০১ এপ্রিল ২০২২ তারিখে যশোর সার্কিট হাউজ সম্মেলন কক্ষে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায় এর বাস্তবায়ন কৌশল নির্ধারণ বিষয়ক কর্মশালার শুভ উদ্বোধন করেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব স্বপন ভট্টাচার্য্য এমপি মহোদয়। বিআরডিবি'র মহাপরিচালক জনাব সুপ্রিয় কুমার কুন্ডুর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মানিত সচিব জনাব মোঃ মশিউর রহমান (এনডিসি) এবং জেলা প্রশাসক, যশোর জনাব মোঃ তমিজুল ইসলাম খান।



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন

পল্লী পরিচরমা

এপ্রিল-জুন ২০২২ বর্ষ ৬ সংখ্যা ২০


মনিরামপুর, যশোরে বিআরডিবি জীবিকায়ন শিল্প পল্লীর উদ্বোধন

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের উদ্যোগে সারাদেশে ১০০০ টি 'বিআরডিবি জীবিকায়ন শিল্প পল্লী' গঠনের অংশ হিসাবে যশোর জেলায় মনিরামপুর উপজেলার বালিয়াডাঙ্গা কানপুরে বিআরডিবি জীবিকায়ন শিল্প পল্লী (এক পণ্য এক পল্লী, টায়ার-টিউবজাত পণ্য) উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জননেতা জনাব স্বপন ভট্টাচার্য্য এমপি। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ মশিউর রহমান (এনডিসি) সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ও জনাব মোঃ তমিজুল ইসলাম খান, জেলা প্রশাসক, যশোর। বিআরডিবি জীবিকায়ন শিল্প পল্লী উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের মহাপরিচালক জনাব সুপ্রিয় কুমার কুন্ডু। অনুষ্ঠানে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের সদর দপ্তর ও যশোর জেলার কর্মকর্তা কর্মচারীবৃন্দসহ সুফলভোগীগণ উপস্থিত ছিলেন।



৫ মে ২০২২ বৃহস্পতিবার ময়মনসিংহ জেলার কর্মকর্তা/কর্মচারীদের সাথে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের মহাপরিচালক (ভারপ্রাপ্ত) জনাব এস এম মাসুদুর রহমান মহোদয়ের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এ সময় বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের যুগ্মপরিচালক (বিশেষ প্রকল্প ও সম্প্রসারণ) কৃষিবিদ জনাব মোঃ আব্দুল কাদের, উপপরিচালক, নেত্রকোণা জনাব ভবেশ রঞ্জন চৌধুরী, উপপরিচালক (ময়মনসিংহ) জনাব মোহাম্মদ জাহিদুল ইসলামসহ ময়মনসিংহ জেলার কর্মকর্তা কর্মচারীবৃন্দসহ উপস্থিত ছিলেন।

গত ৬ মে ২০২২ তারিখে ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলায় বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ এর আওতায় নির্মিত ইটের রাস্তাটি যোগাযোগ সুবিধা বঞ্চিত দাওয়াদাইর গ্রামের মানুষের স্বাস্থ্যে চলাচলের সুযোগ সৃষ্টি করবে।





বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন

পল্লী পরিচরমা

এপ্রিল-জুন ২০২২ বর্ষ ৬ সংখ্যা ২০

গত ৬ মে ২০২২
তারিখে সিরাজগঞ্জ
জেলার উল্লাপাড়া
উপজেলায়
বাংলাদেশ পল্লী
উন্নয়ন বোর্ড কর্তৃক
বাস্তবায়নাধীন
অংশীদারিত্বমূলক
পল্লী উন্নয়ন প্রকল্প-
৩ এর আওতায়
প্রত্যন্ত অঞ্চল
হাবিবগঞ্জ গ্রামের
ঘোষপাড়ায় নির্মিত
কাঠের সাঁকোটি
দুইপাড়ের মানুষের
মধ্যে সেতুবন্ধন
তৈরি করেছে।



বিআরডিবি, গুরুদাসপুর, নাটোরে ১৯ মে ২০২২ তারিখে বীর মুক্তিযোদ্ধা কর্মসূচি হতে পোষ্য জনাব সাগর রানা রিপন সাহেবকে গবাদিপশু পালন আইজিএ বাস্তবায়নের জন্য ৯০ হাজার টাকা সহায়তা প্রদান করা হয়। অত্র উপজেলার সুযোগ্য উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ তমাল হোসেন চেক বিতরণ করেন। এ সময় উপস্থিত ছিলেন উপজেলা সমাজসেবা অফিসার জনাব মোঃ শফিকুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ ফারুক হোসেন, সহকারী পল্লী উন্নয়ন অফিসার (অঃদাঃ) জনাব নাজমুল হুদা, দায়িত্ব প্রাপ্ত মাঠ সংগঠক জনাব আব্দুর রউফ এবং উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জনাব মোঃ জিয়াউর রহমান প্রমুখ।



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্পের আওতায় সিরাজগঞ্জ জেলার রায়গঞ্জ উপজেলায় ইউডেন নির্মাণ কাজের উদ্বোধন করলে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইউআরডিও) জনাব মোঃ শফিকুল ইসলাম। ইউডেন নির্মাণের ফলে প্রায় ২০০ বিঘা আবাদি জমির জলাবদ্ধতা নিরসন হবে এবং নির্মাণাধীন ইউডেনটি প্রত্যন্ত অঞ্চলের যোগাযোগের ক্ষেত্রে ইতিবাচক প্রভাব ফেলবে।



গত ৯ মে ২০২২ নেছারাবাদ উপজেলার সোহাগদল ইউনিয়ন সমন্বয় কমিটি সভায় উপস্থিত আছেন- জনাব মোঃ নাজমুল ইসলাম, সহকারী পরিচালক, পিআরডিপি-৩, বিআরডিবি, ঢাকা, সভাপতিত্ব করেন- জনাব মোঃ আঃ রশিদ, সোহাগদল ইউপি চেয়ারম্যান, নেছারাবাদ, উপস্থিত ছিলেন- ইউপি সদস্য, ভিডিসি সভাপতি ও সাধারণ সম্পাদক এবং অত্র ইউনিয়নের গণ্যমান্য ব্যক্তিবর্গ।



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন পল্লী পরিচরমা

এপ্রিল-জুন ২০২২ বর্ষ ৬ সংখ্যা ২০

বাপার্ড, গোপালগঞ্জ এ দরিদ্র মহিলাদের জন্য পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)- ২য় পর্যায় এর উপকারভোগী সদস্যদের প্রশিক্ষণ শেষে সেলাই মেশিন বিতরণ



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো-২য়) পর্যায় প্রকল্পের আওতায় সেলাই ও এমব্রয়ডারি ট্রেডে ২টি ব্যাচে ৮০ জন সুফলভোগীর ৩০ দিন মেয়াদী প্রশিক্ষণের সমাপনী ও সেলাই মেশিন বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মাননীয় সচিব জনাব মোঃ মশিউর রহমান এনডিসি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ রাশিদুল ইসলাম, বিআরডিবির মহাপরিচালক (ভারপ্রাপ্ত) জনাব এস এম মাসুদুর রহমান, বাপার্ডের মহাপরিচালক জনাব সৈয়দ রবিউল আলম ও ইরেসপো প্রকল্প পরিচালক জনাব মোহাম্মদ রাশেদুল আলম। গোপালগঞ্জে অবস্থিত বাপার্ডে অনুষ্ঠিত প্রশিক্ষণ কর্মশালার সমাপনী অনুষ্ঠানে বিআরডিবির বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা কর্মচারী ও সুফলভোগীগণ উপস্থিত ছিলেন।



গত ১৫ জুন ২০২২ কিশোরগঞ্জ জেলার সদর উপজেলায় বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত পল্লী জীবিকায়ন প্রকল্পের আওতায় সুফলভোগীদের আয়বর্ধনমূলক প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (সেরেজমিন) জনাব আবদুর আব্দুর রশিদ। এই সময় কিশোরগঞ্জ জেলার উপ পরিচালক জনাব মোহাম্মদ জহিরুল হক মুখাসহ বিআরডিবির বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা কর্মচারী ও সুফলভোগী গণ উপস্থিত ছিলেন।



গত ১৩ জুন ২০২২ তারিখে বিআরডিবি ঘাটাইল, টাংগাইল এ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়নাধীন মহিলা উন্নয়ন কর্মসূচি (মেউ) এর নিজস্ব তহবিল থেকে ৪টি সমিতির সদস্যদের মাঝে বিভিন্ন আইজিএ এর উপর ৩৭ লক্ষ টাকা ঋণ বিতরণ করেন উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইউআরডিও)।



বাংলাদেশ পঞ্জী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন

পঞ্জী পরিচয়

এপ্রিল-জুন ২০২২ বর্ষ ৬ সংখ্যা ২০



২৭ জুন ২০২২ খ্রি. বিআরডিবি'র সম্মেলন কক্ষে পঞ্জী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মহোদয়ের সাথে বিআরডিবি'র কর্মকর্তা-কর্মচারীদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ মশিউর রহমান এনডিসি সচিব, পঞ্জী উন্নয়ন ও সমবায় বিভাগ, সভায় সভাপতিত্ব করেন জনাব এস. এম. মাসুদুর রহমান, মহাপরিচালক (ভারপ্রাপ্ত), বিআরডিবি এবং পঞ্জী উন্নয়ন ও সমবায় বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট) জনাব চন্দন কুমার দে সহ বিআরডিবি কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন।



গত ৭ জুন ২০২২ তারিখে পূর্বাচল ক্লাব মিলনায়তনে বাংলাদেশ পঞ্জী উন্নয়ন বোর্ডের নারায়ণগঞ্জ জেলার মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ পঞ্জী উন্নয়ন বোর্ডের মহাপরিচালক (ভারপ্রাপ্ত) জনাব এস. এম. মাসুদুর রহমান। উপপরিচালক, বিআরডিবি, নারায়ণগঞ্জ জনাব মিজানুর রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় নারায়ণগঞ্জ জেলার সকল স্তরের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



গত ২১ জুন ২০২২ তারিখে বিআরডিবি'র সম্মেলন কক্ষে বিআরডিবি'র জেলা কার্যালয়সমূহের সাথে বিআরডিবি সদরদপ্তরের ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআরডিবি'র মহাপরিচালক (ভারপ্রাপ্ত) জনাব এস.এম. মাসুদুর রহমান। মহাপরিচালক মহোদয় বিআরডিবি'র জেলা কার্যালয়ের প্রধানদের সাথে ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করেন।



গত ২০ জুন ২০২২ খ্রি. বিআরডিবি সদরদপ্তরের ১০-১৬ গ্রেডের কর্মকর্তা-কর্মচারীদের দিনব্যাপী সেবা প্রদানের প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণের শুভ উদ্বোধন করেন বিআরডিবি'র মহাপরিচালক (ভারপ্রাপ্ত) জনাব এস.এম. মাসুদুর রহমান। উক্ত প্রশিক্ষণ কার্যক্রমের সভাপতিত্ব করেন প্রফেসর ড. মোহাম্মদ মোস্তফা কামাল, পরিচালক (প্রশিক্ষণ), বিআরডিবি।



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন

পল্লী পরিচরমা

এপ্রিল-জুন ২০২২ বর্ষ ৬ সংখ্যা ২০



যোগাযোগ:

উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়)
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লীভবন
৫, কাওরান বাজার, ঢাকা।

ফোন : ০২-৮১৮০০১৮

মোবাইল : ০১৭১৬-৭৪৫৫৭২

ফ্যাক্স : ০২-৮১৮০০০৩

Email : ddprc@brdb.gov.bd

Web : www.brdb.gov.bd

www.facebook.com/brdb.gov/

www.youtube.com/channel/UC6JvyUA74AJFYtIqNEPHs0A featured

https://twitter.com/_BRDB



গত ১৯ জুন ২০২২ খ্রি. বিআরডিবি'র বাস্তবায়নাধীন পল্লী প্রগতি কর্মসূচি কর্তৃক আয়োজিত উপপ্রকল্প পরিচালক এবং সহকারী পরিচালকদের দিনব্যাপী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের শুভ উদ্বোধন করেন বিআরডিবি'র মহাপরিচালক (ভারপ্রাপ্ত) জনাব এস.এম. মাসুদুর রহমান। উক্ত প্রশিক্ষণ কার্যক্রমের সভাপতিত্ব করেন জনাব আবদুর রশিদ, পরিচালক (সরেজমিন), বিআরডিবি।



তৃণমূল পর্যায়ে দারিদ্র্য জনগোষ্ঠীর প্রকৃত চাহিদাকে প্রাধান্য দিয়ে তাদের জীবন মান এবং টেকসই পল্লী উন্নয়নে প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ ক্ষুদ্র ক্ষুদ্র গ্রামীণ অবকাঠামো নির্মাণে বিআরডিবি'র অধীন পিআরডিপি-৩ এক ব্যতিক্রমী, সমন্বয়যোগী এবং দৃষ্টান্তমূলক বিশেষ অবদান রাখছে। তারই ধারাবাহিকতায় পিরোজপুর জেলার নেহারাবাদ উপজেলার সোহাগদল ইউনিয়নে ৫নং ওয়ার্ডে পশ্চিম সোহাগদল গ্রামে ইট সলিং রাস্তা নির্মাণ।



গত ২১ জুন ২০২২ তারিখে বিআরডিবি, শ্রীবরদী, শেরপুরে বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচির সুফোলভোগী সদস্যদের মাঝে অপ্রধান শস্য চাষে ঋণ বিতরণ করছেন উপজেলা নির্বাহী অফিসার জনাব নিলুফা আক্তার। এসময় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শ্রীবরদী, শেরপুরসহ অপ্রধান শস্য প্রকল্পের কর্মকর্তা-কর্মচারী ও সুফোলভোগী সদস্যগণ উপস্থিত ছিলেন।